

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৬৮

আগরতলা, ১৫ আগস্ট, ২০ ১৮

মহারাজা বীরবিক্রম মাণিক্যের স্মরণে স্বর্গমুদ্রা প্রকাশ

আধুনিক ত্রিপুরার মহান রূপকার ছিলেন মহারাজা বীরবিক্রম মাণিক্য। মহারাজা আধুনিক ত্রিপুরা তৈরি করতে যে স্বপ্ন দেখেছিলেন তাকে বাস্তবে রূপ দিতে বর্তমান সরকার আন্তরিক প্রয়াস চালিয়ে যাবে। মহারাজা বীরবিক্রম মাণিক্যের ১১০তম জন্মশতবার্ষিকী স্মরণে শ্যামসুন্দর কোম্পানি জুয়েলার্স-এর মহারাজার প্রতি সোনালী শুন্দার্ঘ অপর্ণ স্বরূপ বিশেষ স্বর্গমুদ্রা প্রকাশ অনুষ্ঠানে উদ্বোধকের ভাষণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে আজ এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব মহারাজা বীরবিক্রম মাণিক্যের নামাঙ্কিত বিশেষ স্বর্গমুদ্রা প্রকাশ করেন। এই স্বর্গমুদ্রার এক পিঠে রয়েছে মহারাজার খুদিত ছবি এবং অন্যপিঠে রয়েছে রাজন্য আমলের লোগো। উল্লেখ্য, আগামী ১৯ আগস্ট আধুনিক ত্রিপুরার মহান রূপকার মহারাজা বীরবিক্রম মাণিক্যের ১১০তম জন্মশতবার্ষিকী। আগামী ১৯ আগস্ট থেকে শ্যামসুন্দর কোং জুয়েলার্সের শো-রুমে মহারাজার নামাঙ্কিত ১০ গ্রামের এই স্বর্গমুদ্রা পাওয়া যাবে। এছাড়া মহারাজার দৌহিত্রী মহারাজকুমারী প্রজ্ঞা দেববর্মণের অনুরোধে মহারাজার নামাঙ্কিত ১০ গ্রামের বৌপ্যমুদ্রাও তাদের শো-রুমে পাওয়া যাবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহারাজার দৌহিত্রী মহারাজকুমারী প্রজ্ঞা দেববর্মণ, প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা মধুর ভান্ডারকর, নয়াদিল্লি কালচার্যাল ম্যাপিং অব ইন্ডিয়ার চেয়ারম্যান দীপক করঞ্জিকর, সংস্কার ভারতীর সর্বভারতীয় যুগ্ম সাংগঠনিক সম্পাদক আমীর চন্দ, নয়াদিল্লির সেন্ট্রাল লিলিত কলা একাডেমির চেয়ারম্যান উত্তম পাচারনে প্রযুক্তি।

উদ্বোধকের ভাষণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আরও বলেন, আধুনিক ত্রিপুরার মহান রূপকার মহারাজা বীরবিক্রম মাণিক্যের চাহিতে বড় নায়ক ত্রিপুরায় আর কেউ ছিলেন না। সেই সময়েও তাঁর কর্মপদ্ধতি ছিলো শ্রেষ্ঠ। তিনি বলেন, আমরা ইতিবাচক দ্রষ্টিভঙ্গি নিয়ে রাজার দেখানো দিশাতেই উন্নয়নমূলক কাজ চালিয়ে যাবো। অনুষ্ঠানে মহারাজকুমারী প্রজ্ঞা দেববর্মণ বীরবিক্রম মাণিক্যের শাসনকাল এবং আধুনিক ত্রিপুরার রূপকার হিসেবে তাঁর অবদানের বিষয়ে উল্লেখ করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানের শুরুতে সঙ্গীত পরিবেশন করেন সংস্কার ভারতীর ত্রিপুরা শাখার শিল্পীরা।
